



জাতীয় বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২-এর ৪৬ নং ধারা মোতাবেক প্রণীত
পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স রেগুলেশন

-২০১৬

Post Graduate Diploma (PGD) in Library & Information Science Regulation

গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি অনুযায়ী

(২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে কার্যকর)

১। প্রোগ্রামের মেয়াদঃ

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা (PGD) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স এর মেয়াদকাল হইবে ০১ (এক) বছর।
- খ) প্রতিটি শিক্ষাবর্ষ ২ টি সেমিস্টারে বিভক্ত করিয়া পাঠদান সম্পন্ন করা হইবে।
- গ) কোর্সের সিলেবাস অনুযায়ী প্রতি সেমিস্টারে ১৫ সপ্তাহ পাঠদান কার্যক্রম, ২ সপ্তাহ পরীক্ষার প্রস্তুতি ও ৪ সপ্তাহের মধ্যে সেমিস্টার ফাইনাল পরীক্ষা গ্রহণ ও ফলাফল প্রকাশ করা হইবে।
- ঘ) সেমিস্টার পরীক্ষা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে পরিচালিত হইবে। গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ (GPA) ও সিজিপিএ (CGPA) হিসেবে পরীক্ষার ফল প্রকাশ করা হইবে।

২। ভর্তির যোগ্যতাঃ

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় বা অধিভুক্ত কলেজ হইতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান/পাস) বা সমমান ডিগ্রিধারী শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম ও শর্ত অনুযায়ী ডিপ্লোমা কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে ভর্তি হইতে পারিবে। শিক্ষা জীবনে এসএসসি থেকে স্নাতক (সম্মান/পাস) ডিগ্রি পর্যন্ত ন্যূনতম মোট ০৫ (পাঁচ) পয়েন্ট অথবা গ্রেড পয়েন্ট ০৭(সাত) থাকিতে হইবে।
- খ) ভর্তির শর্তাবলী পূরণ করিলে এবং সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি পরীক্ষায় কৃতকার্য হইলে শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ভিত্তিতে ভর্তি হইতে পারিবে।

৩। রেজিস্ট্রেশন :

ক) মেধাতালিকায় অর্ন্তভুক্ত প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী পূর্ণকালীন শিক্ষার্থী হিসাবে এই কোর্সে ভর্তি হইতে হইবে।

খ) রেজিস্ট্রেশনের মেয়াদ হইবে ০৩(তিন) বছর। একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ তিন (৩) শিক্ষাবর্ষের মধ্যে ডিপ্লোমা কোর্স সম্পন্ন করিয়া ডিগ্রী অর্জন করিতে হইবে।

গ) কোন পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষায় কোন কোর্স/কোর্সসমূহে অকৃতকার্য হইলে পরবর্তী ব্যাচের সাথে চূড়ান্ত পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অকৃতকার্য কোর্স/কোর্সসমূহের পরীক্ষায় অবতীর্ণ হইতে পারিবে। এইক্ষেত্রে তাহার পূর্ববর্তী বৎসরের কৃতকার্য কোর্স/কোর্সসমূহের ফলাফল বহাল থাকিবে এবং পাশ নম্বর পাইলে পরীক্ষায় কৃতকার্য বলিয়া বিবেচিত হইবে।

৪। কোর্সেস ও ক্রেডিট-ঘন্টা (Courses & Credit Hours) :

ক্রেডিট আওয়ারের ভিত্তিতে কোর্সসমূহ পরিচালিত হইবে। প্রতি সপ্তাহে পাঠদানের জন্য ব্যয়িত ক্লাস-ঘন্টাকে ক্রেডিট হিসাবে গণ্য করা হইবে। তত্ত্বীয় কোর্সসমূহের জন্য ৬০ মিনিটের একটি ক্লাসকে এক ক্লাস-ঘন্টা ধরা হইবে। অর্থাৎ ১ ক্লাস ঘন্টা=৬০ মিনিট। এভাবে ১০ (দশ) ক্লাস-ঘন্টাকে ১ (এক) ক্রেডিট হিসাবে গণনা করা হইবে। ব্যবহারিক পত্রসমূহের জন্য ৬০ মিনিটের একটি ক্লাসকে এক ক্লাস-ঘন্টা ধরা হইবে। তবে ব্যবহারিক ক্লাসের সময় হইবে ২ ক্লাস-ঘন্টার। এ ক্ষেত্রে ১০টি ব্যবহারিক ক্লাসকে ২ ক্রেডিট, ১৫ (পনের) টি ব্যবহারিক ক্লাসকে ৩ ক্রেডিট ও ২০টি ব্যবহারিক ক্লাসকে ৪ ক্রেডিট হিসাবে গণনা করা হইবে। কোর্স অনুযায়ী ব্যবহারিক পত্রের জন্য সপ্তাহে ৪ ক্লাস-ঘন্টার (৬০ x ২ x ২) বা (১২০ x ২) বা ২৪০ মিনিটের ২টি ব্যবহারিক ক্লাস অনুষ্ঠিত হইবে।

৫। তত্ত্বীয় কোর্সের জন্য নিম্নে বর্ণিত ক্লাস-ঘন্টা অনুসরণ করা হইবে-

১০০ নম্বর কোর্সের ৪০ ক্লাস-ঘন্টা (Class hour) = ৪ ক্রেডিট।

৫০ নম্বর কোর্সের ২০ ক্লাস-ঘন্টা (Class hour) = ২ ক্রেডিট।

২৫ নম্বর কোর্সের ১০ ক্লাস ঘন্টা (Class hour) = ১ ক্রেডিট।

৬। কোর্স ভিত্তিক ক্রেডিট ও নম্বর বন্টন-

ক) পিজিডি ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স- মোট ৪০ ক্রেডিট (তত্ত্বীয় ৯টি, ব্যবহারিক ৩টি ও মৌখিক পরীক্ষা)

৭। সেমিস্টার ভিত্তিক নম্বর বন্টন-

সেমিস্টার	তত্ত্বীয় কোর্স সংখ্যা	তত্ত্বীয় কোর্স নম্বর	ব্যবহারিক কোর্স সংখ্যা	ব্যবহারিক কোর্স নম্বর	মৌখিক	মোট নম্বর	মোট ক্রেডিট
১ম	৫	১০০ X ৩ = ৩০০ ৫০ X ২ = ১০০				৪০০	১৬
২য়	৪	১০০ X ৩ = ৩০০ ৫০ X ১ = ৫০	০৩	৭৫ X ২ = ১৫০ ৫০ X ১ = ৫০	৫০	৬০০	২৪
মোট	৯ টি	৭৫০	০৩ টি	২০০	৫০	১০০০	৪০

Course Outline

Total Marks-1000, Total Semester-02, Total Credits-40

Semester-1

Course No.		Course Name	Full Marks	Credits
LIS-101	:	Basics of Library and Information Science	100	4
LIS-102	:	Information Resources Development	100	4
LIS-103	:	Information Sources and Services	100	4
LIS-104	:	Organization of Knowledge (Classification Theory)	50	2
LIS-105	:	Organization of Knowledge (Cataloguing Theory)	50	2
			400 Marks	16

Semester-2

LIS-106		Libraries and Information in Societies	50	2
LIS-107	:	Application of ICT in Libraries and Information Centers	100	4
LIS-108	:	Documentation and Information Retrieval	100	4
LIS-109		Management of libraries and archival institutions	100	4
LIS-110	:	Organization of Knowledge (Classification Practical)	75	3
LIS-111	:	Organization of Knowledge (Cataloguing Practical)	75	3
LIS-112	:	Application of ICT in Libraries (Practical)	50	2
LIS-113	:	Viva Voce	50	2
			600 Marks	24

৮। ক) তত্ত্বীয় শিক্ষা কার্যক্রম :

১০০ নম্বর পত্রের জন্য ৪০ ক্লাস-ঘন্টা (Class-hour) = ৪ ক্রেডিট

৭৫ নম্বর পত্রের জন্য ৩০ ক্লাস-ঘন্টা (Class-hour) = ৩ ক্রেডিট

৫০ নম্বর পত্রের জন্য ২০ ক্লাস-ঘন্টা (Class-hour) = ২ ক্রেডিট

খ) ব্যবহারিক শিক্ষা কার্যক্রম :

৭৫ নম্বর পত্রের জন্য ১৫টি ব্যবহারিক ক্লাস-ঘন্টা (১৫ x ২) = ৩০ ক্লাস-ঘন্টা) = ৩ ক্রেডিট

৫০ নম্বর পত্রের জন্য ১০টি ব্যবহারিক ক্লাস-ঘন্টা (১০ x ২= ২০ ক্লাস-ঘন্টা) = ২ ক্রেডিট

২৫ নম্বর পত্রের জন্য ৫টি ব্যবহারিক ক্লাস-ঘন্টা (৫ x ২= ১০ ক্লাস-ঘন্টা) = ১ ক্রেডিট

গ) মৌখিক পরীক্ষা :

৫০ নম্বরের মৌখিক পরীক্ষা = ক্রেডিট

৯। পরীক্ষার সময়কাল :

তত্ত্বীয় কোর্স :

১০০ নম্বরের ৪ ক্রেডিট কোর্সের জন্য = ৪ ঘন্টা

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য = ৩ ঘন্টা

ব্যবহারিক কোর্স :

৭৫ নম্বরের ৩ ক্রেডিট কোর্সের জন্য ৩ ঘন্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারণ করা থাকিবে) ।

৫০ নম্বরের ২ ক্রেডিট কোর্সের জন্য ২ ঘন্টা (সংশ্লিষ্ট সিলেবাসে নির্ধারণ করা থাকিবে) ।

১০। প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন :

৫ সদস্য সমন্বয়ে গঠিত পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন কার্য সম্পন্ন করিবে ।

১১। উত্তরপত্র মূল্যায়ন পদ্ধতি :

ক) প্রতিটি তত্ত্বীয় কোর্সের উত্তর পত্র একক পরীক্ষক দ্বারা মূল্যায়ন করা হইবে এবং প্রধান পরীক্ষক কর্তৃক নিরীক্ষণ করা হইবে ।

তত্ত্বীয় পরীক্ষার অব্যবহিত পরেই ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে ।

খ) ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা পরিচালিত হইবে ০১(এক)জন অভ্যন্তরীণ ও ০১(এক)জন বহিঃস্থ পরীক্ষক দ্বারা । পরীক্ষকগণ পরীক্ষা চলাকালীন সময়ে ব্যবহারিক পরীক্ষার খাতা মূল্যায়ন সম্পন্ন করিবেন এবং তৎক্ষণাতঃ পরীক্ষা নিয়ন্ত্রক ও পরীক্ষা কমিটির সভাপতি বরাবর নম্বরপত্র প্রেরণ করিবেন ।

১২। পাঠদান ও পরীক্ষার মাধ্যম :

পাঠদানের মাধ্যম হইবে বাংলা অথবা ইংরেজি । পরীক্ষার উত্তরপত্রে বাংলা অথবা ইংরেজি ভাষার যে কোন একটি মাধ্যমে লিখিতে হইবে ।

উদ্ধৃতি ও টেকনিক্যাল শব্দ ব্যতিত একই কোর্সের উত্তর পত্রে বাংলা ও ইংরেজির মিশ্রণ গ্রহণ যোগ্য হইবে না ।

১৩. শ্রেণি শিক্ষাকার্যক্রম বাধ্যতামূলকঃ

সপ্তাহে কমপক্ষে ০৪(চার)দিন নিয়মিতভাবে শ্রেণি শিক্ষাকার্যক্রম পরিচালিত হইতেছে কি-না তাহা জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিদর্শন টিম কর্তৃক মনিটরিং করা হইবে । ব্যত্যয় ঘটিলে অধিভুক্তি বাতিলের পদক্ষেপ গ্রহণ করা হইবে ।

১৪. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

(ক) চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা হিসাবে ক্লাশে সর্বনিম্ন ৭৫% উপস্থিতি থাকিতে হইবে । বিশেষ ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে উপস্থিতি ৭৫%-এর কম এবং ৬০% বা তার বেশি থাকিলে তা বিবেচনার জন্য সুপারিশ করিতে পারিবেন ।

(খ) পরীক্ষার জন্য প্রেরিত পরীক্ষার্থীদের আবেদনপত্রে বিভাগীয় প্রধান/ পরিচালক/ অধ্যক্ষ/ একাডেমিক কমিটির সভাপতি প্রত্যয়ণ করিবেন যে-

(i) পরীক্ষার্থীর আচরণ সন্তোষজনক ;

(ii) ক্লাসে উপস্থিতি সন্তোষজনক;

(iii) পরীক্ষার্থী সকল অভ্যন্তরীণ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক আরোপিত সকল শর্তপূরণ করিয়াছে।

১৫. গ্রেডিং সিস্টেম (Grading System):

উত্তরপত্র নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হইবে। একজন পরীক্ষার্থীর তত্ত্বীয়, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরকে লেটার গ্রেড (Letter Grade) ও গ্রেড পয়েন্টে (Grade Point) রূপান্তর করা হইবে। পরীক্ষার্থীর ফলাফল মূল্যায়নের জন্য নিম্নলিখিত লেটার গ্রেড ও সমতুল্য গ্রেড পয়েন্ট থাকিবে। গ্রেড পয়েন্ট ৪ এর ভিত্তিতে গ্রেডিং পদ্ধতি অনুযায়ী গাণিতিক (numerical) নম্বর, লেটার গ্রেড ও গ্রেড পয়েন্ট হইবে নিম্নরূপ:

Marks Range	Letter Grade	Grade Point
80 and above	A+	4.00
75% to less than 80%	A	3.75
70% to less than 75%	A-	3.5
65% to less than 70%	B+	3.25
60% to less than 65%	B	3.00
55% to less than 60%	B-	2.75
50% to less than 55%	C+	2.5
45% to less than 50%	C	2.25
40% to less than 45%	D	2.00
Less than 40%	F	0.00

১৬. উত্তীর্ণ গ্রেড :

শিক্ষার্থীদের জন্য নির্ধারিত সকল তত্ত্বীয় কোর্স, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। শিক্ষার্থীদের জন্য সকল নির্ধারিত তত্ত্বীয় কোর্সে ন্যূনতম ৪০% বা D গ্রেড বা গ্রেড পয়েন্ট ২ পাইয়া পাশ করিতে হইবে। যে সকল কোর্সে D বা তদূর্ধ্ব গ্রেড অর্জিত হইবে শুধুমাত্র সে কোর্সগুলোর ক্রেডিট ফলাফলের গণনায় আনা হইবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত ক্রেডিট যোগ করিয়া ফলাফল নির্ধারণ হইবে যা GPA/CGPA গণনায় অন্তর্ভুক্ত থাকিবে।

১৭. জিপিএ (GPA) এবং সিজিপিএ (CGPA) নির্ণয় :

নির্দিষ্ট কোর্সে প্রাপ্ত গ্রেড পয়েন্টকে উক্ত কোর্সের ক্রেডিট দ্বারা পূরণ করিয়া এই কোর্সে অর্জিত পয়েন্ট (PS) নির্ধারণ করা হইবে। উক্ত সকল কোর্সে অর্জিত মোট পয়েন্টকে অর্জিত মোট ক্রেডিট দ্বারা ভাগ করিয়া এক সেমিস্টারের জিপিএ (GPA) নিরূপণ করা হইবে। এভাবে সকল সেমিস্টারে অর্জিত মোট পয়েন্ট সমূহকে যোগ করিয়া সর্বমোট ক্রেডিট দ্বারা ভাগ করিয়া সিজিপিএ (CGPA) নির্ধারণ করা হইবে। D এর নীচে প্রাপ্ত গ্রেডের জন্য কোন ক্রেডিট অর্জিত হইবে না এবং তা F (Fail) গ্রেড বলিয়া বিবেচিত হইবে।

জিপিএ গণনার পদ্ধতিঃ

$\sum PS$ (Total Point Secured in a semester)

$$GPA = \frac{\sum PS}{\sum CR} \text{ (Total Credits offered in a semester)}$$

Example: Grade Point Average (GPA) Calculation for 1st Semester:

Course Code No	No. of credits	Marks Obtained (%)	Letter grade (LG)	Earned Grade points (EGP)	Earned Points Secured (EPS)= No of Credits X Grade Point
101	4	80	A-	3.50	14.00
102	4	75	B+	3.25	13.00
103	4	70	B	3.00	12.00
104	4	65	B-	2.75	11.00
105	4	34	F	0.00	0.00

Total Point Secured (TPS) = 50

Earned Credit (EC) = 16 (4+4+4+4 = 16)

SGPA = TPS/EC = 50/16 = 3.125

Example: Grade Point Average (GPA) Calculation for 2nd Semester:

Course Code No	No. of credits	Marks Obtained (%)	Letter grade (LG)	Earned Grade points (EGP)	Earned Points Secured (EPS)= No of Credits X Grade Point
106	3	75	B+	3.25	13.00
107	3	70	B	3.00	12.00
108	4	44	F	0.00	00.00
109	4	65	B-	2.75	11.00
110	6	65	B-	2.75	16.50

Total Point Secured (TPS) = 52.50

Earned Credit (EC) = 16 (3+3+0+4+6=16)

SGPA = TPS/EC = 52.50/16 = 3.281

সিজিপিএ গণনার পদ্ধতিঃ

$$CGPA = \frac{ETPS \text{ of (1st Semester + 2nd Semester) + Earned Grade Point/Points}}{\text{Total number of credits completed in the whole program}}$$

১৮. উচ্চতর সেমিস্টারে প্রমোশন (১ম সেমিস্টার হতে ২য় সেমিস্টার) :

১ম সেমিস্টার হইতে ২য় সেমিস্টারে প্রমোশন পাইতে হইলে সকল পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে এবং কমপক্ষে ৫০% কোর্সে ন্যূনতম D পাইয়া পাশ করিতে হইবে। তবে ১টি কোর্সে অনুপস্থিত থাকিলে শিক্ষার্থী অন্যান্য সকল কোর্সে অংশ গ্রহন করিয়া ন্যূনতম সকল কোর্সে D গ্রেড পাইলে সে পরবর্তী সেমিস্টারে প্রমোশন পাইবে।

১৯. গ্রেড উন্নীত করণঃ

- (ক) একজন শিক্ষার্থী ১ম/২য় সেমিস্টারে প্রাপ্ত জিপিএ উন্নীতকরণের জন্য শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে পরবর্তী ব্যাচের সাথে চলতি সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করিবার সুযোগ পাইবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশী গ্রেড উন্নীতকরণের সুযোগ পাইবে না। কোন শিক্ষার্থী গ্রেড উন্নীত করিতে ব্যর্থ হইলে ঐ কোর্সে তাহার পূর্বের গ্রেড বহাল থাকিবে। মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হইবে তাহা যোগ করা হইবে এবং তাহার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হইবে। তবে সর্বোচ্চ ২টি কোর্সে মানোন্নয়নের সুযোগ থাকিবে।
- (খ) F গ্রেড প্রাপ্ত কোর্সে একজন শিক্ষার্থী সর্বোচ্চ $(1+2)=3$ বার রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে F গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করার সুযোগ পাইবে।
- (গ) F গ্রেড প্রাপ্ত কোর্সের গ্রেডকে অবশ্যই কমপক্ষে D গ্রেডে উন্নীত করিতে হইবে। অন্যথায় ডিগ্রী প্রাপ্য হইবে না। তবে F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করিবার পর সেই কোর্স গুলোতে মানোন্নয়ন করিবার সুযোগ থাকিবে না।

২০. কোর্স ভিত্তিক পরীক্ষা গ্রহণ ও নম্বর বন্টন :

প্রতিটি কোর্সে ৮০% নম্বরের উপর চূড়ান্ত তৃতীয় পরীক্ষা অনুষ্ঠিত হইবে। অবশিষ্ট ২০% নম্বরের উপর ইনকোর্স পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কোর্স চলাকালীন সময়ে পঠিত সিলেবাসে ২টি ইনকোর্স পরীক্ষা (প্রতিটি ১০% নম্বর) গ্রহণ করিতে হইবে। অভ্যন্তরীণ ভাবে উত্তরপত্র মূল্যায়ন করিয়া ২টি পূর্ণকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরপত্রের এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এর নিকট জমা রাখিতে হইবে এবং এক কপি সংশ্লিষ্ট শিক্ষককে নিজের নিকট সংরক্ষণ করিতে হইবে।

২১. ডিগ্রি প্রাপ্তির যোগ্যতা সমূহ :

পোস্ট-গ্রাজুয়েট ডিপ্লোমা (পিজিডি) ইন লাইব্রেরী এন্ড ইনফরমেশন সায়েন্স ডিগ্রি পাইতে হইলে একজন শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করিতে হইবেঃ

- (ক) একজন শিক্ষার্থীকে কোর্সের সকল (তত্ত্বীয়, ব্যবহারিক, টিউটোরিয়াল ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অবশ্যই ন্যূনতম CGPA ২.০০ পাইতে হইবে। অন্যথায় তাকে উক্ত প্রোগ্রামে অকৃতকার্য বলিয়া ঘোষণা করা হইবে।
- (খ) CGPA এর ভিত্তিতে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হইবে।

২২. ট্রান্সক্রিপ্টস (Transcripts) :

বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি পরিশোধ সাপেক্ষে প্রত্যেক সেমিস্টারের ফলাফলের ট্রান্সক্রিপ্ট প্রদান করা হইবে। একাডেমিক ট্রান্সক্রিপ্ট-এ লেটার গ্রেড, সমতুল্য GPA, CGPA দেওয়া হইবে এবং ইহাতে কোন গাণিতিক নম্বর থাকিবে না।